



চিন্তা

“তুমি কিভাবে তোমার যশ, কৃতকার্যতা, অধঃপতন এবং তোমার মর্যাদা তোমার জীবনে মোকাবেলা কর, কিসে ঈশ্বর গৌরবান্বিত হন, বিজয় পদক, পুরস্কার এবং অভ্যর্থনা বা উদযাপনে নয়” ১



আলোচনা

কেন মন্ডলী গান/বাজনাকে ঈশ্বর প্রদত্ত দান মনে করে কিন্তু খেলাধূলাকে নয়?



কাজ

ঈশ্বরকে ধন্যবাদ যে তিনি আপনাকে খেলাধূলা করার সক্ষমতা দিয়েছেন। ঈশ্বরের গৌরবের জন্য বেরিয়ে পড়ুন এবং খেলাধূলাকে ব্যবহার করুন।

১. পিটার পোলক, দ্যা মিথ অব সাকসেস, ইন টুডে সেপ্টেম্বর ১৯৯৯

৩ একজনের একটি দৃশ্যপট

পরে ঈশ্বর कहিলেন, আমরা আমাদের প্রতিমূর্তিতে, আমাদের সাদৃশ্যে মানুষ নির্মাণ করি, আর তাহারা সমুদ্রের মৎস্যদের উপরে, আকাশের পক্ষীদের উপরে, ও ভূমিতে গমনশীল যাবতীয় স্রীসৃপের উপরে কর্তৃত্ব করুক।

আদিপুস্তক ১:২৬ পদ

কিশোর বয়সে একটি রাগবী ম্যাচের খেলার কথা আমার মনে পড়ে, আমার জীবনে এটা বড় একটা ম্যাচ ছিল। এটা ছিল একটি ইংল্যান্ড দলের বাছাই ম্যাচ। আমি বেশ উদ্বিগ্ন ছিলাম, ভালমত খেলতে প্রাণপন চেষ্টা চালিয়ে যাচ্ছিলাম এবং ইংল্যান্ড স্কোয়াডকে এগিয়ে নেওয়ার জন্য প্রাণপন চেষ্টা চালিয়ে যাচ্ছিলাম। শত শত লোক খেলা দেখছিল কিন্তু আমি শুধুমাত্র একজনকে দেখলাম-আমার মা-যিনি প্রথমবারের মত আমার খেলা দেখতে এসেছেন। তার উপস্থিতি আমাকে দুভাবে প্রভাবিত করেছিল। আমি তাকে বেশি সম্বলিত করতে চেয়েছিলাম এবং তাকে খুবই আশ্চর্য করতে চেয়েছিলাম। যদিও একই সময় আমি জানতাম যে, আমার একটি দুঃস্বপ্ন ছিল, সব চাইতে খারাপ খেলা খেললেও সে আমার দিকে তার হাত বাড়িয়ে দিবে এবং বলবে, ‘এলেক্স তুমি আমার ছেলে এবং আমি তোমাকে ভালবাসি।’ এলেক্স হেরিস, আইলেক্সবারী রাগবী ক্লাব।

খ্রীষ্টীয় মূল্যবোধ এবং খেলাধূলায় মূল্যবোধ এর মধ্যকার প্রতিক্রিয়ার পার্থক্যকে সংক্ষেপ করলে যা হয়, “তুমি শুধু ভাল খেল যা তোমার শেষ খেলায় দেখা যাবে।”

ক্রীড়াবিদগণ তাদের খেলা হতে পরিচিতি পায়, টিমের অংশ হিসাবে এবং এমনভাবে ক্রীড়া নৌপুণ্য দেখাবে যা কোচ এবং দর্শকগণ মনে করবে ভাল হয়েছে। এভাবে খেলোয়াড় তাদের খেলার শীর্ষ পর্যায়ে পৌঁছে সহজে জেদী হয় এবং ভাল নৈপুণ্যের উপর নিজস্ব ভিত্তি তৈরী করে। সমস্যা হলো, যে খেলোয়াড়টির লাথিতে কোন এক সপ্তাহে রাগবী টিমটি জয়ী হয়েছিল এবং পরবর্তী কোন সপ্তাহে লাথি লক্ষ্যভ্রষ্ট হওয়ায় টিম পরাজিত হয়ে থাকে। এবং এতে খেলোয়াড়টির নিজস্ব অবস্থান এর কি হয়? যদি তোমার নিজস্ব অবস্থান হয় মানুষ তোমার যোগ্যতা নিয়ে কি ভাবে তার উপর, তাহলে তোমার জীবন হবে একটি রোলার কোষ্টারের মত।

অবশ্যই, খ্রীষ্টান ক্রীড়াবিদগণ মাঝে মধ্যে এ ধরনের পরিস্থিতির মধ্যে পড়ে। আমরা সচেতন থাকি আমাদের নৈপুণ্যতা অন্যদের কিভাবে সম্বলিত করে। টিমের আমরাও অন্যান্যদের মত উচ্চ এবং নিচু অবস্থার কারণে ভুগে থাকি। কিন্তু বাইবেল আমাদের শিক্ষা দেয় যে সেখানে একটি ভাল ব্যবস্থা রয়েছে।

এটা বুঝার জন্য আমাদের আদিপুস্তক ১:২৬ পদে ফিরে যাওয়া প্রয়োজন; যেখানে আমরা পড়ে থাকি কিভাবে নর-নারীকে ঈশ্বরের কর্তৃত্বের অধীনস্থ সৃষ্টির উপর শাসন করার জন্য সৃষ্টি করা হয়েছে।

পরে ঈশ্বর कहিলেন, আমরা আমাদের প্রতিমূর্তিতে, আমাদের সাদৃশ্যে মানুষ নির্মাণ করি, আর তাহারা সমুদ্রের মৎস্যদের উপরে, আকাশের পক্ষীদের উপরে, ও ভূমিতে গমনশীল

যাবতীয় স্রীসৃপের উপরে কর্তৃত্ব করুক। আদিপুস্তক ১:২৬ পদ

আপনি কি কখন আশ্চর্য হয়েছেন কেন ঈশ্বর দশ আজায় মানুষকে ঈশ্বরের প্রতিমূর্তিতে কোন দেবদেবী বানানো নিষেধ করেছিলেন। (যাত্রাপুস্তক ২০:৪ পদ)? এটা অতি সহজ কারণ আদিপুস্তক ১:২৬ পদে আমরা শিখেছি যে পৃথিবীতে ইতিমধ্যে ঈশ্বরের একটি প্রতিমূর্তি আছে-তুমি এবং আমি! যাত্রাপুস্তক ২০ অধ্যায়ে দ্বিতীয় আজায় বলা হয়েছে যে কোন প্রকার বস্তু তৈরী উদাহরণ স্বরূপ মূর্তি, ছবি বা দালান তৈরী করা নিষেধ করা হয়েছে এবং যেখানে ঈশ্বরের উপাসনা করা হয় সেখানে রাখা যাবে না।

আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরকে সম্বলিত করা কোন এক সময় বা স্থানের জন্য বাধা হতে পারে না। যদি আমরা একটি মূর্তির সামনে দাঁড়াই বা কোন একটি নির্দিষ্ট দালানে এক ঘন্টার জন্য প্রবেশ করি। ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট আমরা, তাঁর পক্ষে সৃষ্টির সব কিছুকে সর্ব সময় (২৪/৭) কর্তৃত্ব করা দরকার। এটার অর্থ হলো যেখানেই আমরা যাই এবং প্রতিটি মুহূর্ত যা আমরা অতিবাহিত করি সব সময়। এটার মধ্যে প্রশিক্ষণ মাঠ, ড্রেস বদলানোর কক্ষ, খেলার মাঠ এবং খেলা পরবর্তী উৎসব বা অভ্যর্থনা, সান্ত্বনা ইত্যাদি রয়েছে!

খেলাধূলায় আমাদের যোগ্যতা নিয়ে আসলে কি ঘটলো সেটা লোকজনের মতামত নয় কিন্তু তা আমরা প্রথমে ঈশ্বরকে সম্বলিত করার জন্য দায়দায়িত্ব গ্রহণ করে থাকি, শেষে অন্যান্যদের! মতামত “যেমন এলেক্স তার মার ব্যাপারে বেশী সচেতন ছিল-এমন কি নির্বাচকদের চেয়েও। তাই খ্রীষ্টিয়ান হিসাবে